



চাঁদপুরে ধর্ষণের অভিযোগে এনসিপি নেতা আটক



সংগৃহীত ছবি

চাঁদপুরের ফরিদগঞ্জে বিয়ের প্রলোভনে ধর্ষণের অভিযোগে এনসিপির উপজেলা যুগ্ম-সমন্বয়ক আমিন হোসেন সৈকতকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার (২৯ অক্টোবর) বিকেলে গল্লাক বাজারের নিজ বাসা থেকে যৌথবাহিনীর সহযোগিতায় তাকে আটক করা হয়।

ফরিদগঞ্জ থানার ওসি মো. শাহ আলম জানান, আদালতের ৩৪৭/২৫ গ্রেপ্তারি পরোয়ানার ভিত্তিতে আমিন হোসেন সৈকতকে গ্রেপ্তার করা হয়েছে। অভিযোগ করা হয়, কচুয়া উপজেলার রহিমা নগরের জোসনা মুন্নি ৫ অক্টোবর থেকে অভিযুক্তের বাড়িতে অবস্থান করছিলেন। পরে এনসিপির শীর্ষ নেতৃত্ব বিষয়টি মীমাংসার চেষ্টা করেন, কিন্তু মেয়ের পরিবার প্রস্তাবিত ২ লাখ ৫০ হাজার টাকা গ্রহণ করেননি।

জোসনা মুন্নি বলেন, "বিয়ের প্রলোভন দেখিয়ে আমাকে একাধিকবার শারীরিক সম্পর্কের জন্য বাধ্য করেছে। আমি নিজেও একজন জুলাই যোদ্ধা। ন্যায় বিচার চাই। এখনও দলের কিছু নেতা ফোনে ভয়-ভীতি দেখাচ্ছেন।"

LENS ASIA